

১৯ এপ্রিল ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

ন্যায়বিচারের অগ্রযাত্রায় ব্লাস্টের ৩০ বছর এবং সুবিধাবঞ্চিত জনগণের ন্যায়বিচার প্রতিষ্ঠার পথিকৃৎ  
ও ব্লাস্টের সভাপতি ড. কামাল হোসেন এর জন্মদিন উপলক্ষে ২০ - ২৬ এপ্রিল ২০২৪ পর্যন্ত  
আইনী সেবা সপ্তাহ পালন করছে ব্লাস্ট

ন্যায়বিচার সকলের অধিকার, আমাদের অঙ্গীকার (Recognising Rights, Realising Remedies) এ উদ্দেশ্যকে সামনে রেখে ন্যায়বিচারের অগ্রযাত্রায় ব্লাস্টের ৩০ বছর এবং সুবিধাবঞ্চিত জনগণের ন্যায়বিচার প্রতিষ্ঠার পথিকৃৎ ও ব্লাস্টের সভাপতি ড. কামাল হোসেন এর জন্মদিন উপলক্ষে আগামী ২০ - ২৬ এপ্রিল ২০২৪ পর্যন্ত আইনী সেবা সপ্তাহ পালন করছে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)। এ উপলক্ষ্যে ব্লাস্ট জেলা পর্যায়ে আইনী সহায়তা ক্যাম্প, জেলা ইউনিট পরিচালনা কমিটির সদস্য ও প্যানেল আইনজীবীদের নিয়ে আলোচনা সভা এবং জাতীয় পর্যায়ে ২৪ এপ্রিল ২০২৪ রানা প্লাজা ধসের ১১ বছর পালনসহ বিভিন্ন কর্মসূচী গ্রহন করেছে।

উল্লেখ্য যে, ব্লাস্ট জনগণের আইনগত অধিকার রক্ষার জন্য গ্রাম আদালত থেকে শুরু করে সুপ্রিম কোর্ট পর্যন্ত প্রতিটি আদালতে মামলা পরিচালিত করে। প্রতিষ্ঠানটি সাধারণত পারিবারিক, দেওয়ানী, ভূমির মালিকানা এবং সংবিধান বিষয়ক ইস্যুগুলো নিয়ে আইনী পরামর্শ ও সহায়তা দিয়ে থাকে। এর পাশাপাশি বিকল্প বিরোধ নিষ্পত্তি, জনস্বার্থে মামলা পরিচালনা ও অধিপরামর্শ কার্যক্রম পরিচালনা করে থাকে।

আরও তথ্যের জন্য যোগাযোগ করুন

- কমিউনিকেশন বিভাগ, ব্লাস্ট, ইমেইল: [communication@blast.org.bd](mailto:communication@blast.org.bd)